

# প্রথম আলো অর্থনীতি

তৈরি পোশাক

ইউনিক্লোর পোশাকে বাংলাদেশি ডিজাইন

মনজুরুল হক, টোকিও থেকে|আপডেট: ১০:৪৮, এপ্রিল ১৯, ২০১৫| প্রিন্ট সংস্করণ



বাংলাদেশের সালায়ার-কামিজের মতো করে বিশ্ববাজারের জন্য তৈরি ইউনিক্লো ব্র্যান্ডের পোশাক

জাপানের তৈরি পোশাক খাতের সুপরিচিত একটি ব্র্যান্ড ইউনিক্লো। এই প্রতিষ্ঠান বাংলাদেশের সালায়ার-কামিজের ডিজাইন অনুসরণ করে তৈরি নারীদের গ্রীষ্মকালীন কয়েকটি পোশাক আন্তর্জাতিক বাজারে বিক্রির জন্য প্রস্তুতি নিচ্ছে। ইউনিক্লোর জাপান, চীন, হংকং, ইন্দোনেশিয়া, দক্ষিণ কোরিয়া ও তাইওয়ানের দোকানে এপ্রিল মাসের ২০ তারিখে এ

পোশাক বিক্রি শুরু হবে। ২৭ এপ্রিল থেকে এসব পণ্য অস্ট্রেলিয়া, ফ্রান্স, জার্মানি ও যুক্তরাষ্ট্রের ইউনিক্লোর দোকানে পাওয়া যাবে।

ইউনিক্লো হচ্ছে জাপানভিত্তিক বিশ্বের নেতৃস্থানীয় তৈরি পোশাক বিক্রির কোম্পানি ফাস্ট রিটেইলিংয়ের বিক্রি করা পোশাকের ব্র্যান্ড নাম। কোম্পানি বাংলাদেশের কয়েকটি তৈরি পোশাক কারখানার সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে। তবে এবারই প্রথম বাংলাদেশের মেয়েদের প্রচলিত পোশাকের নকশা অনুসরণ করে নিজেদের ডিজাইনে তৈরি পোশাক বাজারে বিক্রির উদ্যোগ নিল। জাপানসহ এশিয়ার অন্যান্য কয়েকটি দেশ ও পশ্চিমা বিশ্বের বাজারের জন্য উপযোগী এসব পোশাকের ডিজাইন করেছেন ইউনিক্লোর বিশ্ব ডিজাইন বিভাগের চিফ ক্রিয়েটিভ অফিসার লিয়ান নিলজ।

টোকিওতে গতকাল শনিবার এক সংবাদ সম্মেলনে ফাস্ট রিটেইলিং কোম্পানি তাদের এই নতুন উদ্যোগ সম্পর্কে সংবাদমাধ্যমকে জানায় এবং নতুন ডিজাইনের যেসব পোশাকের বিক্রি আগামী সপ্তাহ থেকে শুরু হচ্ছে। সাংবাদিকদের জন্য সেগুলো দেখার সুযোগ করে দেয়। সবগুলো পোশাকই উচ্চ মানসম্পন্ন সুতি ও স্বচ্ছ রেশমি কাপড়ের তৈরি এবং বাংলাদেশের পোশাক তৈরির কারখানাতে সেগুলো তৈরি করা হয়েছে। সংবাদ সম্মেলনে ফাস্ট রিটেইলিংয়ের করপোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি বিভাগের প্রধান ইয়ুকিহিরো নিত্তা আরও ঘোষণা করেছেন যে এসব পোশাক বিক্রির আয়ের একটি অংশ কোম্পানি বাংলাদেশের নারী গার্মেন্টস শ্রমিকদের সমর্থনে নেওয়া নতুন এক উদ্যোগে খরচ করবে। নতুন এই উদ্যোগের আওতায় নারী শ্রমিকদের জীবনযাত্রা সহজ করে তোলার কর্মসূচি নেওয়া হয়েছে। এসব কর্মসূচির মধ্যে রয়েছে মৌলিক পুষ্টি ও স্বাস্থ্যবিধি, গর্ভধারণসম্পর্কিত স্বাস্থ্যসেবা ও পরিচ্ছন্নতা, শিক্ষার সুযোগ ইত্যাদি। হংকংভিত্তিক আন্তর্জাতিক বেসরকারি সংস্থা বিজনেস ফর সোশ্যাল রেসপনসিবিলিটি প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব পালন করবে। সংবাদ সম্মেলনে শিক্ষাসম্পর্কিত এই কর্মসূচির ব্যাখ্যা দিয়েছেন ফাস্ট রিটেইলের করপোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি বিভাগের কর্মকর্তা আই আওনুমা। নতুন এই

কর্মসূচির আওতায় প্রায় ২০ হাজার নারীশ্রমিককে প্রশিক্ষণ দেওয়া হবে বলে তিনি উল্লেখ করেন।

উল্লেখ্য, ইউনিক্লো ব্র্যান্ড জাপানসহ পূর্ব ও দক্ষিণ-পূর্ব এশিয়া এবং ইউরোপের কয়েকটি দেশে তরুণ-তরুণীদের মধ্যে খুবই জনপ্রিয় হয়ে উঠেছে। ২০১০ সালে কোম্পানি বাংলাদেশে গ্রামীণ ব্যাংকের সঙ্গে জোটবদ্ধ হয়ে গ্রামীণ ইউনিক্লো লিমিটেড গড়ে তুলে বাংলাদেশে বেশ কয়েকটি দোকান ইতিমধ্যে চালু করেছে। ইউনিক্লো এবারই প্রথম কোনো একটি দেশের ঐতিহ্যবাহী পোশাকের নকশা অনুসরণ করে তৈরি নতুন ধরনের পোশাক বাজারে ছাড়ার উদ্যোগ নিল।